# 14321 - ওজু ভঙ্গের কারণসমূহ

## প্রশ্ন

যদি আমি আমার পোশাক পরিবর্তন করি তাহলে কি আমার ওজু ভেঙ্গে যাবে? এ বিধানের ক্ষেত্রে নর-নারীর মধ্যে কোন পার্থক্য বর্ণিত আছে কি?

## প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।.

যদি কেউ পবিত্র অবস্থায় থাকে তাহলে পোশাক পরিবর্তন করা ওজু ভঙ্গের কারণ নয়; যতক্ষণ না ওজু ভঙ্গের কোন কারণ না ঘটে। এ ক্ষেত্রে নর-নারীর বিধান সমান। আল্লাহ্ই সর্বজ্ঞ।

ওজু ভঙ্গের কারণসমূহ নিম্নরূপ:

১। দুই রাস্তা দিয়ে কোন কিছু বের হওয়া (যেমন- পেশাব, পায়খানা, বায়ু ইত্যাদি)। কিন্তু নারীর সামনের রাস্তা দিয়ে বায়ু বের হলে ওজু ভাঙ্গবে না।

২। নির্দিষ্ট নির্গমন পথ ছাড়া অন্য কোনভাবে পায়খানা বা পেশাব বের হওয়া।

৩। বিবেক-বুদ্ধি হারিয়ে ফেলা। সেটা সম্পূর্ণভাবে নষ্ট হয়ে যাওয়ার মাধ্যমে হোক; যেটা হচ্ছে পাগলামি। কিংবা বিশেষ কারণের পরিপ্রেক্ষিতে (যেমন- ঘুম, বেহুশ হয়ে যাওয়া, মাতাল হওয়া ইত্যাদি) নির্দিষ্ট সময়ের জন্য বিবেক-বুদ্ধি বিকল হয়ে থাকুক।

৪। পুরুষাঙ্গ ছোঁয়া। দলিল হচ্ছে– বুসরা বিনতে সাফওয়ান (রাঃ) এর হাদিস তিনি রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে বলতে শুনেছেন যে: “যে ব্যক্তি তার পুরুষাঙ্গ স্পর্শ করেছে তার উচিত ওজু করা”।[সুনানে আবু দাউদ, তাহারাত অধ্যায়/১৫৪), আলবানী সহিহ সুনানে আবু দাউদ গ্রন্থে (১৬৬) বলেছেন: সহিহ]

৫। উটের গোশত খাওয়া। দলিল হচ্ছে জাবের বিন সামুরা (রাঃ) এর হাদিস: “এক ব্যক্তি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে জিজ্ঞেস করল, আমরা কি উটের গোশত খাওয়ার কারণে ওজু করব? তিনি বললেন: হ্যাঁ।”[সহিহ মুসলিম, হায়েয অধ্যায়/৫৩৯)]

এখানে উল্লখ্যে, কোনো নারীর শরীররে ছোঁয়া লাগলইে ওজু ভঙ্গেে যাবে না; সটো উত্তজেনাসহ হোক কংিবা উত্তজেনা ছাড়া হোক; যতক্ষণ পর্যন্ত না এ ছোঁয়ার কারণে কোনো কছিু বরে না হয়।

[দখেুন: শাইখ উছাইমীনরে 'আল-শারহুল মুমত'ি (১/২১৯-২৫০) ও স্থায়ী কমটিরি ফতোয়াসমগ্র (৫/২৬৪)]